

ব্যাংকিং পুবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
পুধান কার্যালয়
Xাকা ।

২৭ এপ্রিল, ২০০৫

তারিখ:-----

১৪ বৈশাখ, ১৪১২

বিআরপিডি সাকুলার লেটার নং-০৫

পুধান নির্বাহী

বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

পুিয় মহোদয়,

যোগ্য জামানত (Eligible Securities) পুসংগে ।

উপর্যুক্ত বিষয়ে ঋণ শ্রেণীবিন্যাস ও পুভিশনিং এর নীতিমালা সম্পর্কিত আমাদের ০৬ ডিসেম্বর, ১৯৯৮ তারিখের বিআরপিডি সাকুলার নং-১৬ এর ৪(গ) অনুচ্ছেদ এবং ১৮ মে, ২০০০ তারিখের বিআরপিডি সাকুলার লেটার নং-০৫ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে ।

০২। উপরিবর্ণিত সাকুলার/সাকুলার লেটারের মাধ্যমে পুভিশনের ভিত্তি (base for provision) নিরূপণের ক্ষেত্রে নিম্নোক্ত জামানতসমূহকে যোগ্য জামানত হিসাবে উল্লেখ করা হয়েছে :

(ক) ঋণের বিপরীতে লিয়েনকৃত আমানতের ১০০% ।

(খ) ব্যাংকে গচ্ছিত স্তর্ণ বা স্তর্ণালংকারের বর্তমান বাজার মূল্যের ১০০% ।

(গ) লিয়েনকৃত সরকারী বন্ড/সঞ্চয়পত্র মূল্যের ১০০% ।

(ঘ) সরকার বা বাংলাদেশ ব্যাংক প্রদত্ত গ্যারান্টির ১০০% ।

(ঙ) ব্যাংকের নিয়ন্ত্রনাধীনে রক্ষিত সহজে বিপণনযোগ্য পন্যের বাজার মূল্যের ৫০% এবং

(চ) জামানতকৃত জমি ও ইমারত এর বাজারমূল্যের সর্বোচ্চ ৫০% ।

(ছ) ষ্টক এক্সচেঞ্জে যে সকল শেয়ার/সিকিউরিটিজ বেচাকেনা হয় সে সমস্ত শেয়ার/সিকিউরিটিজ এর বিগত ৬ (ছয়) মাসের গড় বাজারমূল্যে ৫০% অথবা অভিহিত মূল্যের ৫০% এ দুয়ের মধ্যে যে পরিমাণটি কম ।

০৩। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন ব্যাংক শাখার কর্মকর্তা যোগ্য জামানতের মূল্যায়নকালে ব্যবহার অনুপযোগী, মেয়াদোত্তীর্ণ, সহজে বিপণনযোগ্য নয় এমন পণ্যকেও উপযুক্ত জামানত হিসাবে মূল্যায়ন করছে । এছাড়া, ত্রুটিপূর্ণ টাইটেল বিশিষ্ট জমি প্রভৃতিও উপযুক্ত জামানত হিসাবে প্রদর্শিত হচ্ছে । টিনসেড ষ্ট্রাকচার, বাউন্ডারী ওয়াল, কারখানা সেডসহ অস্থায়ী যে কোন প্রকার ঘর বাড়ীকে ইমারত হিসাবে প্রদর্শন করা হচ্ছে । ইমারতের মূল্যায়নকালে কোন কোন ব্যাংক অতিমূল্যায়ন করছে বলেও পরিলক্ষিত হচ্ছে ।

০৪। উপরিবর্ণিত অবস্থায় সহজে বিপণনযোগ্য দ্রব্য এবং জমি ও ইমারতের বাজার মূল্য নির্ধারণে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণের জন্য ব্যাংকসমূহকে পরামর্শ দেয়া যাচ্ছে :

ক) সহজে বিপণনযোগ্য দ্রব্য বলতে ব্যাংকের পূর্ণ নিয়ন্ত্রণাধীন প্লোজকৃত, সহজে নগদায়ন/বিক্রয়োধ্য দ্রব্যকে বুঝাবে । এ সমস্ত দ্রব্য ব্যবহার উপযোগী কিনা, মেয়াদোত্তীর্ণ হয়েছে কিনা, প্রামানিক দলিলাদি যথাযথ রয়েছে কিনা, হালনাগাদ বীমাকৃত কিনা সে সমস্ত বিষয়াদি ব্যাংক শাখার সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক নিয়তকালীন (periodic) পরিদর্শনের সংগে সংগে পেশাদার মূল্যায়নকারী কর্তৃক সময়ে সময়ে মূল্যায়ন করতে হবে ।

(খ) জমি ও ইমারতের ক্ষেত্রেও মালিকানার দলিলাদি যথাযথ কিনা তা নিশ্চিত হতে হবে এবং ব্যাংকের বরাবরে যথাযথ documentation সম্পন্ন করাসহ পেশাদার মূল্যায়নকারী কর্তৃক সংশ্লিষ্ট জমি ও ইমারতের মূল্যায়ন করতে হবে। পেশাদার মূল্যায়নকারীর অবর্তমানে মূল্যায়নের স্বপক্ষে বিশেষজ্ঞ প্রকৌশলীর সনদপত্র সংগ্রহ করতে হবে। টিনসেড ষ্ট্রাকচারসহ অস্থায়ী ঘর বাড়ীকে ইমারত হিসাবে প্রদর্শন করা যাবে না।

০৫। আমাদের ব্যাংক পরিদর্শন বিভাগ কর্তৃক সরেজমিনে পরিদর্শনের সুবিধার্থে যোগ্য জামানত হিসাবে গৃহীত জামানতের পূর্ণাঙ্গ বিবরণ সংশ্লিষ্ট ঋণ নথিতে একটি পৃথক সীটে উল্লেখ করার জন্যও ব্যাংকসমূহকে পরামর্শ দেয়া যাচ্ছে। উক্ত সীটে উপযুক্ত জামানত হিসেবে বিবেচিত জামানতের বিবরণী, স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক মূল্যায়ন, পণ্যের বিপণনযোগ্যতা, ব্যাংকের নিয়ন্ত্রন, যোগ্য জামানত হিসেবে গন্য করার কারন প্রভৃতি তথ্য সন্নিবেশিত করতে হবে। উক্ত সীটের নমুনা আমাদের ব্যাংক পরিদর্শন বিভাগ কর্তৃক আপনাদেরকে সরবরাহ করা হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(নব গোপাল বণিক)

মহাব্যবস্থাপক

ফোন: ৭১১৭৮২৫